দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 02 OCT 2016 ...
পৃষ্ঠা ...১৪... কলাম ... ৪...

# চট্টগ্রাম শিক্ষা বোর্ড চত্বরে বিক্ষোভ

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** এবার চট্টগ্রাম শিক্ষা বোর্ড চত্বরে বিক্ষোভ প্রদর্শন করেছে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শ্রেণীর শিক্ষার্থীরা। ৭টি সৃজনশীল প্রশ্নের উত্তর ও ৩০টি নৈর্ব্যত্তিক প্রশ্নের আলোকে আসন্ন ২০১৭ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন প্রক্রিয়ার বিরুদ্ধে এই প্রতিবাদ। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকের মাধ্যমে বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীদের সঙ্গে যোগাযোগের মধ্য দিয়ে এ আন্দোলনকে কঠিনতর করার হুমকি দিয়েছে। শনিবার সকাল দশটা থেকেই ক্রমশ শিক্ষার্থীদের জমায়েত বাড়তে থাকে চট্টগ্রাম শিক্ষা বোর্ড চত্বরে। এই যোগাযোগটিও হয়েছে ফেসবুকের মাধ্যমে। বেলা সাড়ে এগারটা থেকে শুরু হয় বিক্ষোভ প্রদর্শন। জানা গেছে, চট্টগ্রামের বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরা প্রশ্নপত্র প্রণয়ন প্রক্রিয়ার বিরুদ্ধে অবস্থান নিচ্ছে গত ২৫ সেপ্টেম্বর থেকে। চট্টগ্রাম প্রেসক্লাব চত্বরে ওইদিন আয়োজিত বিক্ষোভ প্রদর্শন ও মানববন্ধনের পর গত বৃহস্পতিবার দ্বিতীয়দফায় নগরীর বিভিন্ন স্থানে মানববন্ধন হয়েছে শিক্ষার্থীদের। এ সময় দামপাড়া থেকে নাসিরাবাদ বয়েজ স্কুল পর্যন্ত শিক্ষার্থীরা মানববন্ধনে অংশ নিয়ে সাতটি সৃজনশীল প্রশ্নের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করে। এ সময় খুলশী থানা পুলিশ শিক্ষার্থীদের ওপর লাঠিচার্জের ভয় দেখিয়ে ছত্রভঙ্গ করার অপচেষ্টা চালিয়েছে। এতে অভিভাবক ও শিক্ষার্থীরা উভয়ই ক্ষিপ্ত হয়েছিল পুলিশের ওপর। কিন্তু শনিবার তৃতীয় দফায় শিক্ষার্থীরা গণজমায়েত হয়েছে চট্টগ্রাম শিক্ষা বোর্ড চত্বরে।